# Board of Intermediate and Secondary Education Barisal.

www.barisalboard.gov.bd
e-mail:barisalboard@gmail.com

# JSC SCHOLARSHIP – 2014

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।

## বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-জেএসসি/বৃত্তি/১২/২০১৪/৪৬১ (৫০০) তারিখঃ ১৫/০৪/২০১৫ খ্রিঃ।

**বিষয়ঃ ২০১৪ সালে অনুষ্ঠিত জুনিয়র স্কুল সার্টিফিকেট (J.S.C) পরীক্ষায় মেধা ও সাধারণ বৃত্তি প্রদানের তালিকা প্রকাশ।**

**সূত্র- ১ : ওএম/০৬-মেধাবৃত্তি/২০১২/৪০৭৩/১০ তারিখ : ১৬/০৩/২০১৫ খ্রীস্টাব্দ।**

**সূত্র -২ :৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-২৩০, তারিখ-১৩/০৩/২০১৪ খ্রীস্টাব্দ।**

**সূত্র ৩ :৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-৩৫৫, তারিখ-২২/০৪/২০১৪ খ্রীস্টাব্দ।**

**উপর্যূক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল- এর ২০১৪ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের " মেধা" ও " সাধারণবৃত্তি প্রদান করা হলো। সরকারি নিয়ম ও নীতিমালা অনুযায়ী বৃত্তির তালিকা প্রণয়ন করা হয়েছে।**

**এ বৃত্তি প্রদানের সময় নিম্নবর্ণিত নিয়ম ও নীতিমালা সংশ্লিষ্ট সকলকে অবশ্যই মেনে চলতে হবে।**

**নীতিমালা ঃ**

১। জেএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সরকার কর্তৃক নির্ধারিত বৃত্তির সংখ্যা অনুসারে সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড হতে মেধাবৃত্তি ও সাধারণ বৃত্তির তালিকা প্রকাশ করা হয়েছে।

২। সংশ্লিষ্ট পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে সরকার কর্তৃক নির্ধারিত মেধাবৃত্তি ও সাধারণ বৃত্তির সংখ্যা পরীক্ষায় অংশগ্রহণকারী নিয়মিত উত্তীর্ণ শিক্ষার্থী অনুপাতে উপজেলা ওয়ারী বন্টন করা হয়েছে। এ বৃত্তির টাকা কেবলমাত্র ৯ম এবং ১০ম শ্রেণীতে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীরা পাবে।

৩। সংশ্লিষ্ট পরীক্ষায় প্রাপ্ত জিপিএ -এর ভিত্তিতে বৃত্তি প্রদান করা হবে। তবে জেএসসি এর ক্ষেত্রে চতুর্থ বিষয় ছাড়া প্রাপ্ত জিপিএ নম্বরের উপর ভিত্তি করে বৃত্তি প্রদান করতে হবে।

৪। একাধিক শিক্ষার্থী একই গ্রেড পেলে ৪র্থ বিষয় ব্যতীত প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে মেধাক্রম প্রস্তত করতে হবে।

৫। ৪র্থ বিষয় ব্যতীত প্রাপ্ত মোট নম্বর একই হলে ৪র্থ বিষয়সহ প্রাপ্ত মোট নম্বরের মেধাক্রম প্রস্তত করতে হবে।

৬। ৪র্থ বিষয়সহ মোট প্রাপ্ত নম্বর একই হলে পর্যায়ক্রমে বাংলা, ইংরেজী ও সাধারণ গনিতে প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারিত হবে।

৭। সকল মেধা ও সাধারণ বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রী বিনা বেতনে অধ্যয়নের সুযোগ লাভ করবে। সরকারী অনুদান প্রাপ্ত কোন শিক্ষা প্রতিষ্ঠান বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীর নিকট থেকে মাসিক বেতন দাবী করবেন না। বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের নিকট থেকে মাসিক বেতন দাবী করলে ঐ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বিরূদ্ধে শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান সরকার নির্ধারিত বিল ফরমে বৃত্তি খাতের কোড নম্বর উল্লেখ পূর্বক বিল প্রস্তুত করে উপজেলার ক্ষেত্রে উপজেলার মাধ্যমিক শিক্ষা অফিসার এবং মহানগরের ক্ষেত্রে জেলা শিক্ষা অফিসারের প্রতিস্বাক্ষর গ্রহণ পূর্বক সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ে বিল জমা দিয়ে চেক গ্রহণ করবেন। বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদেরকে বৃত্তির অর্থ নগদ প্রদানের পরিবর্তে বৃত্তিপ্রাপ্ত প্রত্যেক ছাত্র/ছাত্রী কর্তৃক রাষ্ট্রীয় মালিকানাধীন ব্যাংকসমূহে হিসাব (Account) খুলে উক্ত হিসাব (Account) এর মাধ্যমে বিতরণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

৯। সকল বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রী দুই বছর বৃত্তির বার্ষিক এককালীন অর্থ উত্তোলন করতে পারবে। বৃত্তির টাকা ২০১৫ সনের ১ জানুয়ারী হতে ৩১ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত নিয়মিত তুলে বিতরণ করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে অনুরোধ করা যাচ্ছে।

১০। পরীক্ষা কেন্দ্র পরিবর্তণকারী বৃত্তি পাওয়ার **উপযুক্ত** ছাত্র/ছাত্রীর তার মূল শিক্ষা প্রতিষ্ঠানের এলাকা অর্থাৎ উপজেলা/ থানার নির্দিষ্ট বৃত্তির সংখ্যা হতে বন্টন করা হয়েছে।

১১। মেধা ও সাধারণ বৃত্তি ছাত্র/ছাত্রীর মধ্যে সমানুপাতিক হারে ৫০:৫০ দেয়া হয়েছে।

১২। সকল বৃত্তিই কেবল নিয়মিত পরীক্ষায় অংশগ্রহণকারী উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মধ্যে মেধানুসারে এবং নীতিমালার অন্যান্য শর্ত মোতাবেক প্রদান করা হয়েছে।

১৩। বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

১৪। বৃত্তিগুলি সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীদের সৎ স্বভাব এবং লেখাপড়ায় সন্তোষজনক অগ্রগতির শর্ত সাপেক্ষে বিবেচিত হবে।

১৫। বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের তালিকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান অবশ্যই উপজেলার ক্ষেত্রে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং মহানগরের ক্ষেত্রে জেলা শিক্ষা অফিসার বরাবর পূরণ করে অবগতির জন্য মহাপরিচালক ও আঞ্চলিক উপ-পরিচালক এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশিণ্টষ্ট জেলা শিক্ষা অফিসারকে অনুলিপি প্রদান করবেন।

১৬। বৃপ্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রী এবং প্রতিষ্ঠান হতে ছাড়পত্র গ্রহণ করে অন্য প্রতিষ্ঠানে ভর্তি হলে ভর্তিকৃত প্রতিষ্ঠান প্রধান সে তথ্য উপজেলার ক্ষেত্রে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং মহানগরের ক্ষেত্রে জেলা শিক্ষা অফিসার বরাবর প্রেরণ করে বৃত্তি বদলীর আদেশ সংগ্রহ করবেন এবং মহাপরিচালক ও আঞ্চলিক উপ-পরিচালক এবং প্রযোজ্য ক্ষেত্রে জেলা শিক্ষা অফিসারকে অবহিত করবেন।

১৭। কোন শিক্ষার্থী পরীক্ষার ফলাফল অনুসারে বৃত্তি পেয়ে যদি পরবর্তীকালে সরকার অনুমোদিত নির্দিষ্ট বৃত্তি ব্যতিরেকে অন্যকোন দেশি বা বিদেশী প্রতিষ্ঠান থেকে বৃত্তি পেয়ে থাকে তবে সে দুটি বৃত্তি ভোগ করতে পারবে।

১৮। বৃত্তি প্রদানের ক্ষেত্রে ৪র্থ বিষয় বাদে ন্যূনতম জিপিএ ৩.০০

১৯। জুনিয়র স্কুল সার্টিফিকেট (J.S.C) পরীক্ষার ফলাফলের উপরে বৃত্তির সংখ্যা হার ও মেয়াদ ঃ

| বৃত্তির প্রকার | বৃত্তির সংখ্যা | বৃত্তির হার | | বৃত্তির মেয়াদ / সময়সীমা |
|---|---|---|---|---|
| | | মাসিক | এককালীন প্রতি বছর | |
| মেধা বৃত্তি | ৬১৫ | ৩০০.০০ | ৩৭৫.০০ | ২ বছর |
| সাধারণ বৃত্তি | ১৩১৭ | ২০০.০০ | ২২৫.০০ | |

**সরকার প্রয়োজনীয়ক্ষেত্রে পরিবর্তন করতে পারবে।**

২০। এই তালিকায় যে কোন ত্রুটি পরিলক্ষিত হলে বৃত্তি চূড়ান্ত তালিকা প্রকাশের এক মাসের মধ্যে অত্র শিক্ষা বোর্ডকে লিখিতভাবে প্রয়োজনীয় তথ্যসহ জানাতে হবে।

২১। এ বিজ্ঞপ্তিতে অনিচ্ছাকৃতভাবে কোন ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন সংযোজন বা পরিবর্তন করার পূর্ণ ক্ষমতা অত্র বোর্ডের থাকবে। প্রয়োজনবোধে কোন রকম কারণ না দেখিয়ে যে কোন বৃত্তি বাতিল করার ক্ষমতাও বোর্ডের থাকবে। সে কারণে বৃত্তির টাকা প্রদানের পূর্বে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ এ মর্মে বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের নিকট হতে লিখিত প্রতিশ্রুতি গ্রহণ করবেন যে, তারা বোর্ডের বৃত্তি সংμান্ত নিয়ম-কানুন মেনে চলতে এবং প্রয়োজন হলে বৃত্তির সমস্ত টাকা ফেরত দিতে বাধ্য থাকবে।

**২২। মেধা ও সাধারণ বৃত্তির ব্যয় চলতি অর্থ বছর (২০১৩-২০১৪) বাজেটের '৩-২৫৩১-০০০০-৫৯৬৩' বৃত্তি/স্কলারশিপ খাত হতে নির্বাহ করা হবে।**

**২৩। উল্লিখিত বৃত্তির সংখ্যা, হার ও মেয়াদ সরকার প্রয়োজনীয় ক্ষেত্রে পরিবর্তণ করতে পারবে।**

স্বাক্ষরিত
**(মোঃ আবদুল মোতালেব হাওলাদার)**
সচিব
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড,
বরিশাল।
ফোন ঃ ০৪৩১- ৬৪৪১৭

স্মারক নম্বর ঃ বশিবো/জেএসসি/বৃত্তি/১২/২০১৪/৪৬১(৫০০) তারিখ ঃ ১৫/০৪/২০১৫ খ্রিঃ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ**

১. মাননীয় সচিব, শিক্ষা মন্ত্রনালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. মহাপরিচালক, বার্তা বিভাগ, বাংলাদেশ জনসংযোগ দপ্তর, ঢাকা।
৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
৫. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, বরিশাল
৬. জেলা শিক্ষা অফিসার,পটুয়াখালী /বরগুনা /ঝালকাঠী /পিরোজপুর/ ভোলা ।
৭. অত্র বোর্ডের আওতাধীন জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার সকল কেন্দ্র সচিব।
৮. অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার।
৯. অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।
১০. অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা হিসাবরক্ষণ অফিসার/উপজেলা হিসাবরক্ষণ অফিসার।
১১. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল-া/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর।
১২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বরিশাল অঞ্চল।
১৩. বরিশাল শিক্ষা বোর্ডের সকল অফিসারবৃন্দ।
১৪. তত্ত্বাবধায়ক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
বৃত্তি তালিকাটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করে উক্ত গেজেটের দুটি কপি প্রমাণ ও সূত্র সংরক্ষণের জন্য শিক্ষা বোর্ডে পাঠাতে অনুরোধ করা হল।

১৫.০৪.২০১৫

*(মোঃ আবদুল মোতালেব হাওলাদার)*
*সচিব*
*মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড*
*বরিশাল*
*ফোন ঃ ০৪৩১- ৬৪৪১৭*